যুক্তরাষ্ট্রে বারে বন্দুকধারীর হামলা, নিহত ৪

যুক্তরাষ্ট্রের কানসাস শহরের একটি বারে বন্দুকধারীর হামলায় অন্তত চারজন নিহত হয়েছেন। এসময় আহত হয়েছেন আরও পাঁচজন।

রবিবার স্থানীয় সময় সকালে তেকুইলা কেসি বারে হতাহতের এ ঘটনা ঘটে। নিহতরা হিস্পানিক জাতিগোষ্ঠীর। হামলার সঙ্গে জাতিবিদ্বেষ জড়িত নয় বলে জানিয়েছে পুলিশ।

পুলিশের ধারণা, পূর্বশত্রুতার জেরে দুই বন্দুকধারী এ হামলা চালিয়ে থাকতে পারে। হামলার সময় বারে ৪০ ব্যক্তি উপস্থিত ছিলেন। আহতদের উদ্ধার কোরে স্থানীয় হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। হামলাকারীদের খোঁজে অভিযান অব্যাহত রেখেছে নিরাপত্তাবাহিনী।